অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/22/2021 **গভর্নর ক্যাথি হোকল**

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল উদ্যোগের রাউন্ড XI এর জন্য গভর্নর হোকলের 81 মিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ দেয়ার ঘোষণা

অনুদান পাওয়ার জন্য অনুমোদিত প্রথম ব্যাচে নিউ ইয়র্কের মহামারী-পরবর্তী পুনরুদ্ধারকে উদ্দীপিত করতে নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত 97টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে

এখন পর্যন্ত অনুদানপ্রাপ্তদের সম্পূর্ণ তালিকা এখানে **পাওয়া যাবে**

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটব্যাপী 97টি অগ্রাধিকারমূলক প্রকল্পে সহায়তার জন্য আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল উদ্যোগের (Regional Economic Development Council initiative) মাধ্যমে 81 মিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ প্রদান করা হয়েছে। এবছর, আবেদনকারীদের তাৎক্ষণিক চাহিদা মেটাতে সহায়তা করতে ধারাবাহিক ও প্রতিযোগিতামূলক ভিত্তিতে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর তরফ থেকে 150 মিলিয়ন ডলার অনুদান তহবিল প্রদান করা হয়েছে। সেইসাথে, নিজেদের অঞ্চলে ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আকৃষ্ট করতে ও বেড়ে উঠতে সাহায্য করার জন্য প্রতিটি অঞ্চলের মধ্যকার প্রকল্পগুলো 75 মিলিয়ন ডলারের এক্সেলসিয়র জবস কর্মসূচি ট্যাক্স ক্রেডিটের অংশ পাওয়ার উপযুক্ত হবে।

"মহামারীর প্রভাব স্টেটের প্রতিটি কোণায় এবং নিউ ইয়র্কের অর্থনীতির প্রতিটি খাতে ছড়িয়ে পড়েছে, এবং তাই আমাদের পুনরুদ্ধার প্রক্রিয়াও যাতে তেমনভাবে অগ্রসর হয় তা আমাদের নিশ্চিত করতে হবে," **বলেছেন গভর্নর হোকল।** "মহামারী থেকে সামনে এগিয়ে যাওয়ার এই সময়ে আমরা প্রত্যেক কমিউনিটিতে নতুন বিনিয়োগ ত্বরান্বিত করার এবং অর্থনৈতিক সমৃদ্ধির গতিবৃদ্ধি করার সম্ভাবনা রাখে এমন নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত প্রকল্পগুলোকে সহায়তা প্রদান করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটকে আরো উন্নত করে গড়ে তুলতে অব্যাহতভাবে অনুদান প্রদানের প্রক্রিয়া ব্যবহার করছি।"

"অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি সহযোগিতামূলক, বটম আপ, ও আঞ্চলিক প্রচেষ্টার মধ্য দিয়ে, এসব প্রকল্পকে তাদের উদ্ভাবন, কমিউনিটির উপর প্রভাব এবং মহামারী থেকে বের হয়ে আসার সময়ে ইতিবাচক পরিবর্তনের সম্ভাবনা, ইত্যাদির জন্য বাছাই করা হয়েছে," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর বেঞ্জামিন।** "কর্মীদল উন্নয়ন, পর্যটন, সবুজ বিনিয়োগ বা দেশীয়

উৎপাদন, এসব খাতের সবগুলোতেই আমরা নিউ ইয়র্ক স্টেটে একটি শক্তিশালী ও সমৃদ্ধশালী অর্থনীতি লালনের উদ্দেশ্য নিয়ে অগ্রসর হচ্ছি।"

ESD অনুদানের জন্য আবেদন করার সুযোগ উন্মুক্ত রয়েছে, এবং তহবিল ফুরিয়ে যাওয়ার আগ পর্যন্ত চলমান ভিত্তিতে আবেদনগুলো পর্যালোচনা করা হবে। স্টেট ও অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত অগ্রাধিকারগুলোর সাথে সঙ্গতিপূর্ণ শক্তিশালী নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত প্রকল্প নিয়ে আবেদনকারীরা কনসোলিডেটেড ফান্ডিং আবেদন এর মাধ্যমে আবেদন করতে পারবেন।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও CEO পদে মনোনীত হোপ নাইট বলেন, "কোভিড মহামারী আমাদের স্টেটের উপর একটি বিধ্বংসী প্রভাব ফেলেছে, এবং এটি আমাদের অর্থনীতির ভিত্তিস্বরূপ ব্যবসা প্রতিষ্ঠান ও সংস্থাগুলোর জন্য বিশেষভাবে সত্য। আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল, যেটি নিজেদের কমিউনিটিকে সবচেয়ে ভালোভাবে জানেন এমন ব্যক্তিদের নিয়ে গঠিত, তাদের অঞ্চলকে পুনর্নির্মাণ করতে, এবং ভবিষ্যতের জন্য আরো বেশি শক্তিশালী ও আরো বেশি স্মার্ট হয়ে পুনরায় জেগে উঠতে সাহায্য করবে এমন উদ্ভাবনমূলক প্রকল্পগুলোর জন্য সুপারিশ করেছে।"

এই শুরুর রাউন্ডের অগ্রাধিকারমূলক প্রকল্পগুলো তাদের প্রকল্পের প্রস্তুত অবস্থা এবং প্রতিটি অঞ্চলের কৌশলগত পরিকল্পনার সাথে সঙ্গতি থাকার কারণে প্রতিটি আঞ্চলিক কাউন্সিল দ্বারা সুপারিশপ্রাপ্ত হয়েছে। উল্লেখযোগ্য প্রকল্পগুলোর মধ্যে রয়েছে:

- **আলবানি কলেজ অব ফার্মেসি এন্ড হেলথ সায়েন্সেস (Albany College of Pharmacy and Health Sciences) (রাজধানী অঞ্চল) - 1.75 মিলিয়ন ডলারের ESD অনুদান:** আলবানি কাউন্টির আলবানি কলেজ অব ফার্মেসি এন্ড হেলথ সায়েন্সেস নতুন কোয়ালিটি অ্যাসুরেন্স/কোয়ালিটি কন্ট্রোল এর জন্য ল্যাবরেটরির জায়গা এবং কোষ ও জিন থেরাপি ল্যাব সংস্কার করতে প্রায় 9 মিলিয়ন ডলার বিনিয়োগ করবে। এছাড়াও এই প্রকল্প স্ট্যাক ফ্যামিলি সেন্টার ফর বায়োফার্মাসিউটিক্যাল এডুকেশন এন্ড ট্রেনিং (Center for Biopharmaceutical Education and Training, CBET)-এ উচ্চ পর্যায়ের বিশেষায়িত বায়োফার্মাসিউটিক্যাল ল্যাবরেটরি সরঞ্জাম ইনস্টল করতে এবং কার্যপরিচালনায় সহায়তা করতে প্রয়োজনীয় নির্মাণ ও সংস্কারকাজ সম্পন্ন করবে। এই উদ্যোগ বর্তমান ও ভবিষ্যতের কর্মীদলের চাহিদা পূরণে সহায়তা করার পাশাপাশি অর্থনৈতিক উন্নয়ন, কমিউনিটিতে প্রচার এবং শিক্ষার্থী ও কর্মরত পেশাজীবীদের সম্পৃক্ততা উন্নত করতে সর্বাধুনিক বায়োফার্মাসিউটিক্যাল উৎপাদন প্রযুক্তি নিযুক্ত করতে শিল্পখাত, শিক্ষাবিদ ও সরকারি সংস্থাগুলোর সাথে অংশীদারিত্বকে কাজে লাগাবে।

- **ফোটোকাইট এক্সপানশন (Fotokite Expansion) (সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চল) - 2.5 মিলিয়ন ডলারের ESD অনুদান, 2.5 মিলিয়ন ডলারের এক্সেলসিয়র জবস কর্মসূচি ট্যাক্স ক্রেডিট:** পারস্পেকটিভ রোবোটিক্স US,

LLC (Perspective Robotics US, LLC) ওনোনডেগা কাউন্টির সাবেক সিরাকিউস ডেভেলপমেন্ট সেন্টারের (Syracuse Development Center) বৃহত্তম ও প্রথম ভাড়াটিয়াদের একটি হবে, যে জায়গাটি 1998 সাল থেকে খালি পড়ে রয়েছে, যা কোম্পানিটিকে এর বৈশ্বিক উৎপাদন কেন্দ্র নির্মাণ করার সুযোগ করে দিবে। নতুন সাইটটিতে সর্বাধুনিক উৎপাদন ফ্যাসিলিটির পাশাপাশি নতুন ল্যাব এবং কোম্পানির জন্য অফিসের জায়গা থাকবে। কোম্পানিটি 21 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করবে এবং 200 এরও বেশি কর্মসংস্থান তৈরি ও সংরক্ষণ করবে।

- **সোলার হোম ফ্যাক্টরি (Solar Home Factory) (ফিঙ্গার লেকস অঞ্চল) - 1 মিলিয়ন ডলারের ESD অনুদান, 1 মিলিয়ন ডলারের এক্সেলসিয়র জবস কর্মসূচি ট্যাক্স ক্রেডিট**: সৌরচালিত মডিউলার, নেট-জিরো বহু-পরিবারভিত্তিক হাউজিং ইউনিট প্রস্তুতের উদ্দেশ্যে সোলার হোম ফ্যাক্টরি জেনেভাতে (অন্টারিও কাউন্টি) 21 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করবে এবং 108,000 বর্গফুটের একটি নতুন ফ্যাসিলিটি নির্মাণ করবে। এসব মডিউলার ইউনিট আপস্টেট নিউ ইয়র্কব্যাপী আবাসন প্রকল্পগুলোতে পৌঁছে দেয়া হবে এবং অনসাইটে ইনস্টল করা হবে। কোম্পানিটি 107টি নতুন কর্মসংস্থান তৈরি করবে।

- **নিউ ইয়র্ক ইনস্টিটিউট অব টেকনোলজি মাইক্রোস্কোপি সেন্টার (New York Institute of Technology Microscopy Center) (লং আইল্যান্ড অঞ্চল) - 1.05 মিলিয়ন ডলারের ESD অনুদান**: নিউরোডিজেনারেটিভ রোগসমূহ, ক্লিনিক্যাল ডিপ্রেশন, ও আরো অনেক কিছুর জন্য গবেষণা ও সফল চিকিৎসা এগিয়ে নিতে, সেইসাথে কর্মীদেরকে ডায়াগনোস্টিক মাইক্রোস্কোপি, ভিজ্যুয়ালাইজেশন, ও ইমেজিং প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে ওল্ড ওয়েস্টবারিতে অবস্থিত নিউ ইয়র্ক ইনস্টিটিউট অব টেকনোলজি (New York Institute of Technology, NYIT)-এর কলেজ অব অস্টিওপ্যাথিক মেডিসিন একটি মাইক্রোস্কোপি ইনোভেশন সেন্টার তৈরি করছে। NYIT এই মাইক্রোস্কোপি ইনোভেশন সেন্টারে 15 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করবে।

- **আপরিভার স্টুডিওজ (Upriver Studios) (মিড-হাডসন অঞ্চল) - 500,000 ডলারের ESD অনুদান**: আপরিভার স্টুডিওজ সগার্টিজে 101,000 বর্গফুটের একটি সর্বাধুনিক ফ্যাসিলিটিতে একটি কার্বন নিরপেক্ষ ক্যাম্পাস এবং ফিল্ম ও টেলিভিশন প্রোডাকশন প্রকল্পগুলোর জন্য অধিকতর প্রতিযোগিতামূলক সাউন্ড স্টেজের সারি তৈরি করবে। এই প্রকল্প এবছরের মে মাসে এক-বছর মেয়াদী নবায়নযোগ্য চুক্তি সম্পন্নকারী এই নেটওয়ার্ক প্রোডাকশনের মতো বৃহৎ নেটওয়ার্ক প্রোডাকশনগুলোকে আকৃষ্ট করা ও ধরে রাখার সুযোগ করে দিবে, যার ফলে মিড-হাডসন ভ্যালিতে কয়েক শতাধিক কর্মসংস্থান তৈরি হবে এবং কয়েক মিলিয়ন ডলারের অর্থনৈতিক প্রভাব পড়বে।

- **HPK ইন্ডাস্ট্রিজ (HPK Industries) (মোহাক ভ্যালি অঞ্চল) - 200,000 ডলারের ESD অনুদান**: HPK ইন্ডাস্ট্রিজ হার্কিমার কাউন্টিতে তাদের ফ্যাসিলিটিতে PPE-এর উৎপাদন ক্ষমতা দ্বিগুণের বেশি উন্নীত করার উদ্দেশ্যে কার্যক্রম সহজতর করতে এবং প্রক্রিয়াগুলো স্বয়ংক্রিয় করতে নতুন যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় করবে। এই প্রকল্প নিউ ইয়র্ক স্টেট এবং যুক্তরাষ্ট্র ভিত্তিক কোম্পানিগুলোর PPE পণ্যের সাপ্লাই চেইন নিরাপদ রাখার প্রচেষ্টার এই সময়ে ক্রমবর্ধমান চাহিদা পূরণ করবে। HPK ইন্ডাস্ট্রিজ এই ফ্যাসিলিটিতে 1 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করবে এবং 60টি কর্মসংস্থান তৈরি ও সংরক্ষণ করবে।

- **গভর্নর্স আইল্যান্ড ক্লাইমেট রেসিলিয়েন্সি অ্যাক্সিলেটর (Governors Island Climate Resiliency Accelerator) (নিউ ইয়র্ক সিটি অঞ্চল) - 2.5 মিলিয়ন ডলারের ESD অনুদান**: গভর্নর্স আইল্যান্ডের ঐতিহাসিক ভবন 301-কে 13.35 মিলিয়ন ডলারের বাটারমিল্ক ল্যাবে রূপান্তর করা হবে, যা জলবায়ু পরিবর্তনের দিকে নজর দেয়া ব্যবসা প্রতিষ্ঠান, উদ্যোক্তা, ও অলাভজনক সংস্থাগুলোর জন্য একটি অ্যাক্সিলারেটর হাব হিসেবে কাজ করবে। এই প্রকল্প অফশোর বাতাসের মতো সবুজ- ও নীল-প্রযুক্তি ব্যবসাগুলোকে সহায়তা ও স্কেলিং এর জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করবে, এবং এই আইল্যান্ডে ভবিষ্যতে একটি সেন্টার ফর ক্লাইমেট সল্যুশন্স (Center for Climate Solutions) প্রতিষ্ঠা করার ক্ষেত্রে এটি একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই প্রকল্প অ্যাক্সিলারেটর ভাড়াটিয়া কোম্পানিগুলোর দ্বারা নিয়োগের মাধ্যমে 150টি কর্মসংস্থান তৈরি করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

- **OWD সাইট উন্নয়ন (OWD Site Development) (নর্থ কান্ট্রি) - 2.5 মিলিয়ন ডলারের ESD অনুদান**: OWD ডেভেলপমেন্ট, LLC (OWD Development, LLC) একটি পরিত্যক্ত সাবেক ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটিকে পুনঃউন্নয়ন করে একটি নতুন মিশ্র-ব্যবহারের উন্নয়ন সাইটে পরিণত করতে 13 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করবে। ফ্র্যাঙ্কলিন কাউন্টির টাপার লেকে অবস্থিত এই সার্টিফাইড ঐতিহাসিক পুনঃউন্নয়ন প্রকল্পের মধ্যে একসঙ্গে কাজ করার ও প্রশিক্ষণের জায়গা, বাণিজ্যিক জায়গা, ও বাজার দরে লভ্য অ্যাপার্টমেন্ট অন্তর্ভুক্ত থাকবে।

- **ইউনাইটেড হেলথ সার্ভিসেস (United Health Services) এর চাইল্ড কেয়ার অ্যাক্সেস উন্নতকরণ (সাদার্ন টিয়ার) - 991,616 ডলারের ESD অনুদান:** ইউনাইটেড হেলথ সার্ভিসেস (UHS) চাইল্ড কেয়ারের জন্য একটি হালনাগাদ ও নিয়মতান্ত্রিক পরিবেশ প্রদান করতে, ব্রুম কাউন্টিতে একটি বিদ্যমান ফ্যাসিলিটিকে সংস্কার করবে, যা ইউনাইটেড হেলথ সার্ভিসেস-এর কর্মচারীদের এবং কমিউনিটির সদস্যদের জন্য উচ্চ মানসম্মত ও সুবিধাজনক বাড়তি চাইল্ড কেয়ারের স্লট তৈরি করবে। UHS আনুমানিক 5 মিলিয়ন ডলার বিনিয়োগ করবে এবং 14টি নতুন কর্মসংস্থান তৈরি করবে।

- **বাফেলো স্টুডিওজ (Buffalo Studios) (ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চল) - 2 মিলিয়ন ডলারের ESD অনুদান:** বাফেলো স্টুডিওজ এরি কাউন্টির সাউথ বাফেলোতে একটি হলিউড-মানের মুভি স্টুডিও লট তৈরি করবে যেখানে ফিল্ম, টেলিভিশন, ও গেমিং শিল্পকে সহায়তা করার সুযোগ-সুবিধা অন্তর্ভুক্ত থাকবে। এই প্রকল্প এই ফ্যাসিলিটিতে ফিচার ফিল্ম ও টেলিভিশনের ধারবাহিক নির্মাণের পাশাপাশি পোস্ট-প্রোডাকশন, অ্যানিমেশন, গেমিং, ও শিল্প প্রযুক্তি উন্নয়ন ইত্যাদি কাজ সম্পন্ন করার সুযোগ করে দিবে। সেইসাথে, বাফেলো স্টুডিওজ বাফেলো ও ওয়েস্টার্ন নিউ ইয়র্কের শিক্ষার্থী ও অধিবাসীদের শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ প্রদানের জন্য একটি অনসাইট স্যাটেলাইট ক্যাম্পাস প্রতিষ্ঠা করতে ইউনিভার্সিটি অ্যাট বাফেলোর (University at Buffalo) সাথে একটি অংশীদারিত্ব প্রতিষ্ঠা করবে। এছাড়াও এই প্রকল্পের মধ্যে একটি অন-সাইট চাইল্ড কেয়ার সেন্টার নির্মাণ করা অন্তর্ভুক্ত থাকবে। 40 মিলিয়ন ডলারের এই প্রকল্প 22টি নতুন কর্মসংস্থান তৈরি করবে।

কনসোলিডেটেড ফান্ডিং-এর আবেদন সম্পর্কে

অনুদানের জন্য আবেদনের প্রক্রিয়াকে সহজতর ও ত্বরান্বিত করার উদ্দেশ্যে কনসোলিডেটেড ফান্ডিং-এর আবেদন তৈরি করা হয়েছে। CFA প্রক্রিয়া স্টেটের সংস্থানগুলো বরাদ্দ হওয়ার উপায়ে একটি মৌলিক পরিবর্তন এনে দিয়েছে, যা স্থানীয় অর্থনৈতিক উন্নয়নের চাহিদাগুলো পূরণে অপেক্ষাকৃত কম আমলাতান্ত্রিক জটিলতা ও অধিকতর কার্যক্ষমতা নিশ্চিত করছে। CFA অর্থনৈতিক উন্নয়ন তহবিলের একক-এন্ট্রি পয়েন্ট হিসেবে কাজ করে, যা আবেদনকারীদের যাতে কোনো সমন্বয় পদ্ধতি ব্যতীত একাধিক সংস্থা ও উৎসের মধ্যে ধীরে ধীরে নেভিগেট করতে না হয় সেটা নিশ্চিত করে। এখন, অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পগুলো একটি আবেদনের মাধ্যমে একাধিক স্টেট তহবিলের উৎস অ্যাক্সেস করার জন্য CFA-কে একটি সাপোর্ট মেকানিজম হিসেবে ব্যবহার করে থাকে, যা প্রক্রিয়াটিকে আরো বেশি দ্রুত, সহজতর, ও আরো বেশি উৎপাদনমুখী করেছে। CFA সম্পর্কে এখানে আরো জানুন।

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল সম্পর্কে

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল উদ্যোগ স্টেটের বিনিয়োগ ও অর্থনৈতিক উন্নয়নের জন্য স্টেটের প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ উপাদান। 2011 সালে, স্ব স্ব অঞ্চলের অর্থনৈতিক সমৃদ্ধির জন্য দীর্ঘমেয়াদী কৌশলগত পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে 10টি আঞ্চলিক কাউন্সিল প্রতিষ্ঠা করা হয়। কাউন্সিলগুলি স্থানীয় বিশেষজ্ঞ এবং স্টেকহোল্ডারদের ব্যবসা, একাডেমী, স্থানীয় সরকার এবং বেসরকারি সংস্থাগুলির দ্বারা গঠিত ব্যক্তিগত অংশীদারিত্ব। এসব আঞ্চলিক কাউন্সিল একটি কমিউনিটি-ভিত্তিক, বটম-আপ পদ্ধতি প্রয়োগ করা এবং স্টেটের সংস্থানগুলোর জন্য একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়া স্থাপন করার মাধ্যমে নিউ ইয়র্কের কর্মসংস্থান ও অর্থনৈতিক সমৃদ্ধির জন্য বিনিয়োগ করার পদ্ধতিকে পুনরায় সংজ্ঞায়িত করেছে। এসম্পর্কে regionalcouncils.ny.gov ওয়েবসাইট থেকে আরো জানুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418